রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২২, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ সেপ্টেম্বর ২০০৫/৪ আশ্বিন ১৪১২

**এস, আর, ও নম্বর ২৭৯ আইন/২০০৫**—অর্থঋণ আদালত আইন, ২০০৩ (২০০৩ সনের ৮ নম্বর আইন) অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৪ এর উপধারা ৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ২৮শে এপ্রিল, ২০০৪ এবং ২৪শে ফেব্রুয়ারী, ২০০৪ তারিখের প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত নিম্নবর্ণিত অর্থঋণ আদালতসমূহ বিলুপ্ত করিল, যথা ঃ—

(১) অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ।

(২) অর্থঋণ আদালত, পটুয়াখালী।

(৩) অর্থঋণ আদালত, নাটোর।

(৪) অর্থঋণ আদালত, জয়পুরহাট।

২। এই প্রজ্ঞাপন দ্বারা বিলুপ্ত অর্থঋণ আদালতের বিচারাধীন মামলা জেলা জজ সংশ্লিষ্ট স্থানীয় অধিক্ষেত্রের যুগ্ম জেলা জজ আদালতে বদলীর নির্দেশ দান করিবেন।

৩। বিলুপ্ত অর্থঋণ আদালত পুনরায় যুগ্ম জেলা জজ আদালত হিসাবে গণ্য হইবে এবং উক্ত আইনের ৪(১০) ধারায় বিধান মোতাবেক উহার সমাপ্ত বা স্থগিত কার্যক্রম পুনরুজ্জীবিত হইবে এবং জেলা জজ উক্ত আদালতে মামলা স্থানান্তরের ব্যবস্থা করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আলাউদ্দিন সরদার
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য ঃ টাকা ২.০০